


বাউবির এইচএসসির ফল প্রকাশ

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি পরীক্ষা

২০২৫-এর ফল প্রকাশিত হয়েছে। গড় পাসের হার ৬২.৩৪

শতাংশ। রবিবার (২৬ অক্টোবর) দুপুরে বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক

(ভারপ্রাপ্ত) মো. হাবিবুল্লাহ মাহমুদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ

তথ্য জানানো হয়।

গড়ুন



জানা গেল মেট্রো রেলের বিয়ারিং প্যাড খুলে পড়ার কারণ

বিজ্ঞপ্তিতে বলা হয়, এ বছর প্রথম ও দ্বিতীয় বর্ষে মোট ৩৮ হাজার

৩৪২ জন শিক্ষার্থী নিবন্ধন করেন।

এর মধ্যে প্রথম ও দ্বিতীয় বর্ষের পরীক্ষায় অংশ নেন ৩১ হাজার
৪২১ জন।

চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ১৬ হাজার ৭৮৩
জন। এর মধ্যে উত্তীর্ণ শিক্ষার্থী ১০ হাজার ৪৬৩ জন। উত্তীর্ণ
শিক্ষার্থীর মধ্যে ছাত্র ৫ হাজার ৬৪০ জন এবং ছাত্রী ৪ হাজার
৮২৩ জন।

বাউবির এইচএসসি পরীক্ষা ২০২৫-এর ফল বিশ্ববিদ্যালয়ের
ওয়েবসাইটে (www.bou.ac.bd) পাওয়া যাবে।